দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 14 SEP 2017 ...
পৃষ্ঠা ... ০৪ ... কলাম ... ০ ...

# শিক্ষকরা কোচিং বাণিজ্য করতে পারবেন না ॥ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকরা কোচিং বাণিজ্য করতে পারবেন না। কোন নোট বা গাইড বই চলবে না। এগুলো বন্ধে আইন তৈরি করা হচ্ছে। এর সঙ্গে জড়িত কেউ ছাড় পাবে না। তিনি বুধবার দুপুরে খুলনা সরকারী মহিলা কলেজ মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, খুলনা অঞ্চল আয়োজিত বিভাগের শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা বিভাগের মাঠপর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে শিক্ষার গুণগত মান ও নৈতিকতার উন্নয়ন এবং জঙ্গীবাদ বিরোধী মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী শিক্ষকদের উদ্দেশে বলেন, শিক্ষকরা যদি নৈতিকতা-আদর্শ-শিক্ষা থেকে বিচ্যুত হয় তাহলে দেশের সর্বনাশ। কেবল অর্থই নয়, মান-মর্যাদাই হচ্ছে শিক্ষকদের বড় সম্পদ। শিক্ষার্থীদের জ্ঞানের পাশাপাশি ভাল মানুষ হিসেবে তৈরি করতে হবে। নৈতিক শিক্ষা দিতে হবে। শ্রেণীকক্ষে তাদের আরও বেশি পাঠদান করতে হবে। তিনি বলেন, শিক্ষার্থীদের পরিচালনায় শিক্ষকরা হচ্ছেন মূল নিয়ামক শক্তি। এ জন্য আমরা শিক্ষকদের মর্যাদা বাড়াতে চাই। সভায় বিশেষ অতিথির বক্তৃতা করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মোঃ আলমগীর এবং খুলনা বিভাগীয় কমিশনার মোঃ আবদুস সামাদ। এতে সভাপতিত্ব করেন খুলনা অঞ্চলের মাধ্যমিক ও উচ্চশিক্ষার পরিচালক টিএম জাকির হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. মোঃ ওয়াহিদুজ্জামান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়